BGMEA

সার্কুলার নং-বিজিএ/কাস/২০২৬/১৭ তারিখঃ ০৩ ফেব্রুয়ারি, ২০২৬

# সম্মানিত সকল সদস্যের জন্য

**বিষয়ঃ সর্বসাধারণের জন্য H.S Code ভিত্তিক পণ্য আমদানির তথ্য জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে প্রকাশ প্রসঙ্গে।**

**সূত্রঃ** জাতীয় রাজস্ব বোর্ডের প্রেস বিজ্ঞপ্তি তারিখঃ ০৩/০২/২০২৬.

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনাদের সদয় দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, জাতীয় রাজস্ব বোর্ড বাণিজ্যিক ও বন্ড সুবিধায় H.S Code ভিত্তিক শ্রেণীবিন্যাস অনুযায়ী আমদানিকৃত পণ্যের পরিমাণ, ওজন ও মূল্য সংক্রান্ত তথ্য nbr.gov.bd ওয়েব সাইটের Publication পোর্টালের Customs লিংকে নিয়মিত প্রকাশের ব্যবস্থা করেছে।

প্রয়োজনীয় কার্যার্থে জাতীয় রাজস্ব বোর্ড এর প্রেস বিজ্ঞপ্তিটি এতদসঙ্গে সংযুক্ত করে প্রেরণ করা হলো।

ধন্যবাদান্তে,

3/2/26

মেজর মোঃ সাইফুল ইসলাম, পিএসসি, সিএসসিএম (অবঃ)
সচিব (ভারপ্রাপ্ত)

সংযুক্তিঃ বর্ণনামতে।




BGMEA Complex, House # 7/7A, Block # H-1, Sector # 17, Uttara, Dhaka-1230, Bangladesh. Tel: +880 9638012345 | Hotline: +88 017 3044 2211 | E-mail: info@bgmea.com.bd | Web: www.bgmea.com.bd
**Regional Office:** BGMEA Bhaban (Level- 4 & 5), 669/E, Jhautala Road, South Khulshi, Chattogram. Tel: +880-2333379125-7 (PABX) | Fax: +880-2333379127 | E-mail: info@bgmeactg.org


E:\2026\CIRCULAR-2026.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, প্লট-এফ ১/এ, আগারগাঁও
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.nbr.gov.bd

তারিখ: ০৩ ফেব্রুয়ারি, ২০২৬ খ্রিস্টাব্দ

**প্রেস বিজ্ঞপ্তি**

**সর্বসাধারণের জন্য HS Code ভিত্তিক পণ্য আমদানির তথ্য জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে প্রকাশ**

আমদানি বাণিজ্য সংক্রান্ত তথ্য প্রাপ্তিকে সহজলভ্য করার জন্য তরুন উদ্যোক্তা, শিক্ষার্থী, বিনিয়োগকারী, বাণিজ্য গবেষক, ব্যবসায়ী ও সাংবাদিকগণের দীর্ঘদিনের দাবির প্রেক্ষিতে বাণিজ্যিক ও বন্ড সুবিধায় পণ্য আমদানির তথ্য সকলের ব্যবহারের জন্য ওয়েবসাইটে নিয়মিত প্রকাশের ব্যবস্থা করেছে জাতীয় রাজস্ব বোর্ড। গত সপ্তাহে জাতীয় রাজস্ব বোর্ডের nbr.gov.bd ওয়েবসাইটের publication পোর্টালের customs লিংকে ডিসেম্বর ২০২৫ মাসের বাণিজ্যিক ও বন্ড সুবিধায় পণ্য আমদানির HS Code ভিত্তিক তথ্য প্রকাশ করা হয়েছে। প্রকাশিত বিবরণীতে এইচএস কোডভিত্তিক শ্রেণিবিন্যাস অনুযায়ী আমদানিকৃত পণ্যের পরিমাণ, ওজন ও মূল্যসংক্রান্ত তথ্য উপস্থাপন করা হয়েছে।

আমদানি সংক্রান্ত তথ্য নিয়মিত প্রকাশের সুবিধাসমূহ

- আমদানি সংক্রান্ত তথ্যপ্রাপ্তি আরও সহজ, উন্মুক্ত ও স্বচ্ছ হবে;
- তরুন উদ্যোক্তা, শিক্ষার্থী, বিনিয়োগকারী, গবেষক, ব্যবসায়ী, সাংবাদিক, শিক্ষাবিদ ও বিশ্লেষকদের জন্য নির্ভরযোগ্য ডেটা ব্যবহারের সুযোগ বৃদ্ধি পাবে;
- আন্তর্জাতিক বাজারে তুলনামূলক বাজারদর এবং মূল্যের উঠানামা সম্পর্কে স্বচ্ছ ধারণা লাভ করা যাবে;
- আমদানির প্রবণতা, মৌসুমি পরিবর্তন ও পণ্যের গতিবিধি বিশ্লেষণ করা সহজ হবে;
- বাণিজ্য কাঠামো, আমদানি নির্ভরতা, বন্ডেড সুবিধার আওতায় শিল্প উপকরণের প্রবাহ এবং রপ্তানিমুখী শিল্পের সহায়তা ব্যবস্থার কার্যকারিতা মূল্যায়নে সহায়ক হবে;
- আন্তর্জাতিক বাণিজ্য বিশ্লেষণ, নীতি প্রণয়ন ও ব্যবসায়িক সিদ্ধান্ত গ্রহণ অধিকতর কার্যকর হবে;

ট্রেড ফ্যাসিলিটেশনের জন্য গৃহিত সকল উদ্যোগ চলমান রাখার পাশাপাশি বাণিজ্যিক ও বন্ড সুবিধায় পণ্য আমদানির তথ্য সকলের ব্যবহারের জন্য জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক প্রতি মাসে নিয়মিতভাবে ওয়েবসাইটে প্রকাশের এ ব্যবস্থা অব্যাহত থাকবে।

**জাতীয় রাজস্ব বোর্ড**